# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৩০

১/ পবিত্রতা (كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ১২৪. মুকীম অবস্থায় তায়াম্মুম করা।

## باب التَّيَمُّمِ فِي الْحَضَرِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ إِبْرَاهِيمَ الْمَوْصِلِيُّ أَبُو عَلِيٍّ، أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ ثَابِتٍ الْعَبْدِيُّ، أَخْبَرَنَا نَافِعٌ، قَالَ انْطَلَقْتُ مَعَ ابْنِ عُمَرَ فِي حَاجَةٍ إِلَى ابْنِ عَبَّاسٍ فَقَضَى ابْنُ عُمَرَ حَاجَتَهُ فَكَانَ مِنْ حَدِيثِهِ يَوْمَئِذٍ أَنْ قَالَ مَرَّ رَجُلٌ عَلَى رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فِي سِكَّةٍ مِنَ السِّكَكِ وَقَدْ خَرَجَ مِنْ غَائِطٍ أَوْ بَوْلٍ فَسَلَّمَ عَلَيْهِ فَلَمْ يَرُدَّ عَلَيْهِ حَتَّى إِذَا كَادَ الرَّجُلُ أَنْ يَتَوَارَى فِي السِّكَّةِ ضَرَبَ بِيَدَيْهِ عَلَى الْحَائِطِ وَمَسَحَ بِهِمَا وَجْهَهُ ثُمَّ ضَرَبَ ضَرْبَةً أُخْرَى فَمَسَحَ ذِرَاعَيْهِ ثُمَّ رَدَّ عَلَى الرَّجُلِ السَّلاَمَ وَقَالَ " إِنَّهُ لَمْ يَمْنَعْنِي أَنْ أَرُدَّ عَلَيْكَ السَّلاَمَ إِلاَّ أَنِّي لَمْ أَكُنْ عَلَى طُهْرٍ " . قَالَ أَبُو دَاوُدَ سَمِعْتُ أَحْمَدَ بْنَ حَنْبَلٍ يَقُولُ رَوَى مُحَمَّدُ بْنُ ثَابِتٍ حَدِيثًا مُنْكَرًا فِي التَّيَمُّمِ . قَالَ ابْنُ دَاسَةَ قَالَ أَبُو دَاوُدَ لَمْ يُتَابَعْ مُحَمَّدُ بْنُ ثَابِتٍ فِي هَذِهِ الْقِصَّةِ عَلَى ضَرْبَتَيْنِ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَرَوَوْهُ فِعْلَ ابْنِ عُمَرَ .

বাংলা

৩৩০. আহমাদ ইবনু ইব্রাহীম .... মুহাম্মাদ ইবনু ছাবেত থেকে নাফে-এর সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি ইবনু উমার (রাঃ) এর সাথে বিশেষ কোন প্রয়োজনে ইবনু আব্বাস (রাঃ) এর নিকট যাই। অতঃপর তিনি (ইবনু উমার) তার কাজ সম্পন্ন করে প্রত্যাবর্তন করেন। সেদিন ইবনু উমার (রাঃ) যা বর্ণনা করেন তা নিম্নরূপঃ

এক ব্যক্তি রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের পাশ দিয়ে মদ্বীনার কোন এক রাস্তায় যাচ্ছিলেন তখন তিনি পেশাব অথবা পায়খানা সেরে বের হয়েছিলেন। ঐ ব্যক্তি তাঁকে সালাম করলে তিনি তার জবাব দেননি। অতঃপর ঐ ব্যক্তি যখন রাস্তার অন্তরালে চলে যায়, তখন তিনি তাঁর দুই হাত দেয়ালের উপর মেরে তার সাহায্যে নিজের চেহারা মাসেহ্ করেন। অতঃপর তিনি দ্বিতীয়বার দেয়ালে হাত মেরে তাঁর দুই হাত মাসেহ্ করেন। অতঃপর তিনি লোকটির সালামের জবাব দেন এবং বলেনঃ আমি অপবিত্র থাকার কারণে তোমার সালামের জবাব দেই নাই।

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, আমি আহমাদ ইবনু হাম্বল (রহঃ)-কে বলতে শুনেছি, মুহাম্মাদ ইবনু ছাবেত তায়াম্মুম সম্পর্কে একটি মুনকার (অগ্রহণযোগ্য) হাদীছ বর্ণনা করেন। ইবনু দাসাহ্ বলেন, আবূ দাউদ বলেন, কেউই মুহাম্মাদ ইবনু ছাবিতের অনুসরণ করে রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর দু'বার হাত মারা নকল করেনি, বরং তা ইবনু উমার (রাঃ) এর আমল হিসেবে উল্লেখ করেছেন।

## English

Nafi' said:
Accompanied by 'Abd Allah b. 'Umar, I went to Ibn 'Abbas for a certain work. He (Ibn 'Abbas) narrated a tradition saying: A man passed by the Messenger of Allah (ﷺ) in a street, while he returned from the toilet or just urinated. He (the man) saluted him, but the Prophet did not return the salutation. When the man was about to disappear (from sight) in the street he struck the wall with both his hands and wiped his face with them. He then struck another stroke and wipes his arms. He then returned the man's salutation. Then he said: I did not return the salutation to you because I was not purified.

Abu Dawud said: I heard Ahmad b. Hanbal say: Muhammad b. Thabit reported a rejected tradition.

Ibn Dasah said: Abu Dawud said: No one supported Muhammad b. Thabit in respect of narrating this tradition as to striking the wall twice (for wiping) from the Prophet (ﷺ), but reported it as an action of Ibn 'Umar.

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ নাফি‘ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=16753

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন